

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.০৭.০৬৭.২৪ নথির বিষয়: Supply of different size cable, chainpully with related services for PSTP.

নোট: ১ নোটের বিষয়: Supply of different size cable, chainpully with related services for PSTP ক্রয় কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩০/১২/২৪ ৪:২৯ অপরাহ্ন

সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। বিদ্যমান এস.এল.এসগুলোতে ও প্ল্যান্টের পাম্প মোটর, ভিএফডি, এলটি প্যানেল স্টার্টারগুলোতে বিভিন্ন সাইজের ক্যাবল রয়েছে। ক্যাবলগুলো প্ল্যান্টের শুরু অর্থাৎ ১৯৯২ সালে স্থাপন করা হয়েছিল। দীর্ঘদিন ধরে ব্যবহারে ফলে ক্যাবলগুলোতে ত্রুটি দেখা দিচ্ছে, কারেন্ট বেশি নিচ্ছে। অনেক সময় ক্যাবল জ্বলে যাচ্ছে। সেই কারণে নিরবচ্ছিন্ন ভাবে পাম্প মোটর, ভিএফডি, স্টার্টার অপারেশনের জন্য নতুন ক্যাবল ক্রয় করা প্রয়োজন। পাগলা পয়ঃশোধনাগার বিভাগ ঢাকা ওয়াসার প্রথম ও সবচেয়ে পুরাতন পয়ঃ শোধনাগার। সেই কারণে বিভাগীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ তুলনামূলক বেশি। প্ল্যান্টের দৈনন্দিন ইলেকট্রো-মেকানিক্যাল প্রিভেন্টিভ ও কারেক্টিভ মেইনটেনেন্স কাজ বিভাগীয় জনবলের মাধ্যমে করানো হচ্ছে। উক্ত মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য চেইনপুলী ও হোস পাইপের প্রয়োজন হয়। বর্তমানে প্ল্যান্টের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য চেইনপুলী ও হোস পাইপ মজুদ সীমিত। সেই কারণে বিভাগীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ ব্যাহত হচ্ছে। বিভাগীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ স্বাভাবিক রাখার লক্ষ্যে ক্যাবল, চেইনপুলী ও হোস পাইপ ক্রয় করা প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৬):

- ১। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
- ২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। দরের স্বপক্ষে পিডব্লিউডি ই/এম রোট শিডিউল, ২০২২ ও পূর্বানুমোদিত দরের কপি।
- ৪। মালামাল ক্রয় কাজের টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৫। ক্রয় কাজের প্রাক্কলন।
- ৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩০/১২/২৪ ৪:৩০ অপরাহ্ন

সেই আলোকে পিডব্লিউডি ই/এম রোট শিডিউল, ২০২২ ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে “Supply of different size cable, chainpully with related services for PSTP” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪.৮০.২৫০.০০(চব্বিশ লক্ষ আশি হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের “পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাতের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১০২; প্যাকেজ নং-G38 হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩০/১২/২৪ ৪:৩০ অপরাহ্ন

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) e-gp প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩০/১২/২৪ ৪:৩১ অপরাহ্ন


এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of different size cable, chainpully with related services for PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৮০,২৫০.০০(চব্বিশ লক্ষ আশি হাজার দুইশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা এখান একো-পাণী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) সর্বোচ্চ পর্যায়ের অনুমোদনের আওতাধীন।

			
৩০/১২/২৪ ৪:৩৮ অপরাহ্ন সম্মাট মিয়া উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৩০/১২/২৪ ৪:৩৯ অপরাহ্ন মোঃ সাইফুল ইসলাম উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৩০/১২/২৪ ৪:৪৯ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৩০/১২/২৪ ৪:৪৯ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩০/১২/২৪ ৭:১৩ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

	
৩০/১২/২৪ ৭:১৩ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩০/১২/২৪ ৭:১৩ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৩১/১২/২৪ ১১:৩৬ অপরাহ্ন

Okay

		
৩১/১২/২৪ ১১:৩৬ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	১/১/২৫ ৯:৫১ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১/১/২৫ ৯:৫১ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১/১/২৫ ২:২৩ অপরাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন

		
১/১/২৫ ২:২৩ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৯/১/২৫ ২:৫০ অপরাহ্ন মোঃ সাইফুল ইসলাম উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৯/১/২৫ ২:৫০ অপরাহ্ন সম্মাট মিয়া উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ